রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ২১, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টম্‌স ও বিক্রয় কর)

## বিশেষ আদেশ

ঢাকা, ২১শে মার্চ, ১৯৮৭/৬ই চৈত্র, ১৩৯৩

**নং এস আর ও ৪১-আইন/৮৭/১০৫৫/কাস**—১৯৬৯ সালের কাস্টম্‌স আইন (১৯৬৯ সালের ৪ নং আইন)-২১(বি) ধারা এবং ১৯৮২ সালের বিক্রয় কর অধ্যাদেশ (১৯৮২ সালের ১৮ নং অধ্যাদেশ)-এর ৫এ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড অনুমোদিত বাসবডি প্রস্তুতকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত নিম্নের টেবিলে বর্ণিত কাঁচামালসমূহ উহাদের উপর আরোপ্য কাস্টম্‌স-ডিউটির মধ্যে যে পরিমাণ কাস্টম্‌স-ডিউটি ২০% এডভেলোরেম হারের অতিরিক্ত হয় সে পরিমাণ কাস্টম্‌স-ডিউটি এবং উক্ত কাঁচামালসমূহের উপর আরোপ্য সমুদয় বিক্রয় কর পরিশোধ ব্যতিরেকে এই শর্তে খালাস দেওয়ার অনুমতি প্রদান করিলেন যে,—

(১) উক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ উক্ত কাঁচামাল আমদানীর ক্ষেত্রে তাহাদের আমদানী-স্বত্বের সীমা অতিক্রম করিবে না ;

(২) উক্ত কাঁচামালসমূহ ১৯৮৭ সালের ১লা জানুয়ারী হইতে ৩০শে জুন তারিখের মধ্যে আমদানীকৃত হইতে হইবে ;

(৩) রেয়াতীহারে কাস্টম্‌স-ডিউটি নগদ প্রদান করিতে হইবে ;



মূল্য : ৬০ পয়সা

(৪) সাধারণভাবে প্রযোজ্য কাস্টমস্-ডিউটি ও বিক্রয় কর এবং রেয়াতীহারের ফলে আদায়যোগ্য কাস্টমস্-ডিউটির পার্থক্যের সমপরিমাণ যে অর্থের জন্য সংশ্লিষ্ট কাস্টম হাউজ দাবীনামা জারী করিবেন আমদানীকৃত কাঁচামাল আমদানীকারক কর্তৃক যথাযথভাবে বাসবডি উৎপাদনে ব্যবহৃত হইয়াছে বলিয়া প্রমাণিত না হইলে সেই অর্থ পরিশোধ করিতে আমদানীকারক বাধ্য থাকিবে—এই মর্মে আমদানী-কারক একটি মুচলেকা প্রদান করিবেন ;

(৫) প্রতিটি কাঁচামালের নাম ও আইটেমওয়ারী বার্ষিক আমদানীস্বত্ত্বে পরিমাণ এবং তাহার মধ্যে আমদানীকারক কোনটি কি পরিমাণ আমদানী করিবেন তাহা শিল্প দপ্তর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্রের মাধ্যমে আমদানীকারক মাল খালাসের সময়ে সংশ্লিষ্ট কাস্টম হাউজকে জ্ঞাত করিবেন ;

(৬) উপরোক্ত দাবীনামা প্রত্যাহার করাইতে হইলে আমদানীকৃত মালামালের যথাযথ ব্যবহার হইয়াছে এই মর্মে শিল্প দপ্তরের একটি প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে এবং অনুরূপ প্রত্যয়নপত্র ব্যতীত দাবীনামা প্রত্যাহার করা হইবে না ; এবং

(৭) বাসবডি তৈরী এবং বাসটির রেজিস্ট্রেশন সমাপ্ত হওয়ার পর সংশ্লিষ্ট এলাকার কাস্টম ও এক্সাইজের বিভাগীয় ডেপুটি বা সহকারী কালেক্টর কর্তৃক তদ্সম্পর্কে ইস্যুকৃত প্রত্যয়নপত্রের ভিত্তিতে উপরোক্ত দাবীনামা প্রত্যাহার করা হইবে এবং মুচলেকা পত্রটি রদ করা হইবে।

**টেবিল**

১। ইলেক্ট্রো গ্যালভানাইজ্ড্ শীট/জিপি শীট।

২। এম এস শীট।

৩। ইস্পাত ও এলুমিনিয়াম টিউব ও চৌকোনা টিউব।

৪। এলুমিনিয়াম/স্টেনলেস স্টীল শীট।

৫। প্লাষ্টিক শীট, পারটেক্স শীট, পিভিসি ম্যাট।

৬। রেক্সিন কাপড়।

৭। এলুমিনিয়াম চ্যানেল এক্সট্রুশন।

৮। ৪ মি মি-এর উর্দ্ধে সাধারণ/নিরাপদ গ্যাস শীট।

৯। হাতলসহ বিশেষ তালা।

১০। রিভেট (এলুমিনিয়াম বাইন্ড রিভেট)।

১১। জানালার জন্য পানি নিরোধক, রাবার চ্যানেল, রাবার সল্যুশন।

১২। সজ্জাসহ রুফল্যাম্প।

**আবদুল কাইউম**
প্রথম সচিব (শুল্ক)।

[নথি নং ১০(৪৩)কাস-১/৮২(অংশ)]।

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ২১শে মার্চ, ১৯৮৭/৬ই চৈত্র, ১৩৯৩

নং এস আর ও ৪২-আইন/৮৭/১০৫৪/শুল্ক—১৯৬৯ সালের কাস্টমস আইন (১৯৬৯ সালের ৪ নম্বর আইন)-এর ১৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের ১৯৮৬ সালের ২৭শে জুন তারিখের এস আর ও ২১৮-এল/৮৬/৯৯৩/কাস নম্বর প্রজ্ঞাপনে নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ

উপরিউক্ত প্রজ্ঞাপনের টেবিলে, কলাম (১) রে,—

(ক) ট্যারিফ হেডিং ৩৯·০১ থেকে ৩৯·০৪-এর বিপরীতে, কলাম (২)-এর এন্ট্রি (iii)-এর স্থলে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(iii) Vulcanised fibre sheet prepunched, cut to shape and size for manufacture of sliver can";

(খ) ট্যারিফ হেডিং নং ৭৩·১০ এবং ইহার বিপরীতে, কলাম (২) ও কলাম (৩)-এর তৎসম্পর্কিত এন্ট্রিসমূহের পরে, নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

| | | | |
|---|---|---|---|
| "73.12 | Cold rolled bright surfaced M. S. strip of thickness 0·90—1·20 mm and width of 79·60 mm in coil upto annual entitlement 20% *ad val.*"; of cycle rim manufacturer. | .. | 20% *ad val.*"; |

(গ) ট্যারিফ হেডিং নং ৭৩·১৩-এর বিপরীতে, কলাম (২) ও কলাম (৩)-এর তৎসম্পর্কিত এন্ট্রিসমূহের স্থলে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

| | | |
|---|---|---|
| "(i) B. P. sheet | .. | 20% *ad val.* |
| (ii) Tin sheet (excluding G. P. sheet and C. I. sheet). | .. | 50% *ad val.*"; |

(ঘ) ট্যারিফ হেডিং নং ৭৩·১৪-এর বিপরীতে কলাম (২)-এর এন্ট্রিসমূহ এবং কলাম (৩)-এর তৎসম্পর্কিত এন্ট্রিসমূহের স্থলে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

| | | |
|---|---|---|
| "M. S. wire/Bright steel wire/ Low carbon steel wire. | .. | 20% *ad val.*"; |

(ঙ) ট্যারিফ হেডিং নং ৭৩·১৫-এর বিপরীতে কলাম (২) ও কলাম (৩)-এর তৎসম্পর্কিত এন্ট্রিসমূহের স্থলে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

| | | |
|---|---|---|
| "(i) Alloy steel and High carbon steels falling under sub-heads A to M excluding billets, stainless steel sheets, wire and rods, bar | .. .. | 50% *ad val.* |

(ii) Stainless steel sheets of size 4′ × 8′ and thickness SWG 12 to 12 mm. — 20% *ad val.*

(iii) Wire, rods and bar — 20% *ad val.*" ;

(চ) ট্যারিফ হেডিং নং ৭৩·৪০ এর বিপরীতে কলাম (২)-এর এন্ট্রি (iii) এবং কলাম (৩)-এর তৎসম্পর্কিত এন্ট্রির পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(iv) Stainless steel electrodes — 20% *ad val.*" ; এবং

(ছ) ট্যারিফ হেডিং নং ৯০·২৮ এবং ইহার বিপরীতে কলাম (২) এবং কলাম (৩)-এর তৎসম্পর্কিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

"90·29 Parts and components of electric metres. — 50% *ad val.*"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, আকরাম**

অতিরিক্ত সচিব।

---

(বিক্রয় কর)

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২১শে মার্চ, ১৯৮৭/৬ই চৈত্র, ১৩৯৩**

**নং এস আর ও ৪৩-আইন/৮৭/৫০/বিক্রয় কর**—১৯৮২ সালের বিক্রয় কর অধ্যাদেশ (১৯৮২ সালের ১৮ নং অধ্যাদেশ)-এর ৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে সরকার অত্র বিভাগের ১৯৮৬ সালের ২৭শে জুন তারিখের এস আর ও ২৪৪-এল/৮৬/৪৪/এসটি নম্বর প্রজ্ঞাপনে নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ—

উপরিউক্ত প্রজ্ঞাপনে,—

(ক) টেবিল ১-এর কলাম (১) যে,—

(১) ট্যারিফ হেডিং নং ৩৯·০১ হইতে ৩৯·০৪-এর বিপরীতে, কলাম (২)-এর এন্ট্রির স্থলে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"Nylon chips and vulcanised fibre sheet" ;

(২) ট্যারিফ হেডিং নং ৭৩·০৬, ৭৩·০৭, ৭৩·১৩ এবং ৭৩·১৫-এর বিপরীতে, কলাম (২)-এর এন্ট্রির স্থলে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"Ingot, slab ingot, billet and tin sheet (excluding G. P. sheet and C. I. sheet)" ;

(৩) ট্যারিফ হেডিং নম্বর ৭৩·০৬, ৭৩·০৭, ৭৩·১৩ এবং ৭৩·১৫ উহাদের বিপরীতে, কলাম (২)-এর তৎসম্পর্কিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

"73·12 Cold rolled bright surfaced M. S. strip of thickness 0·90—1·20 mm and width of 79·60 mm in coil upto annual entitlement of cycle rim manufacturer";

(৪) ট্যারিফ হেডিং নং ৯০·১৭ হইতে ৯০·২০ এবং উহাদের বিপরীতে, কলাম (২)-এ তৎসম্পর্কিত এন্ট্রির পর নিম্নরূপ এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথাঃ—

"90·29 Parts and components of electric metres";

(খ) টেবিল ২-এর কলাম (১) য়ে,—

(১) ট্যারিফ হেডিং নং ৭৩·১৩ এর বিপরীতে কলাম (২)-এর এন্ট্রির স্থলে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"B. P. sheet"; এবং

(২) ট্যারিফ হেডিং নং ৭৩·১৩ এবং উহার বিপরীতে কলাম (২)-য়ে তৎসম্পর্কিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সংযুক্ত হইবে, যথাঃ—

"73·14 Iron steel wire/rod, bar

73·15 Stainless steel sheet size 4′ × 8′ and thickness SWG 12 or 12 mm, wire, rod and bar

73·40 Stainless steel electrodes."।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, আকরাম**

অতিরিক্ত সচিব।

---

**শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়**

**শাখা-৮**

**বিজ্ঞপ্তি**

**ঢাকা, ২১শে মার্চ, ১৯৮৭/৬ই চৈত্র, ১৩৯৩**

**নং এস, আর, ও-৪৪-এল/৮৭**—যেহেতু সরকার মনে করে যে বাংলাদেশ শিপিং কর্পোরেশন-এর সকল স্তরের কর্মচারী ও কর্মকর্তাদের চাকুরী শৃংখলা রক্ষা এবং জনগণের সুষ্ঠু জীবন যাত্রার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত রাখার জন্য অত্যাবশ্যকীয়, সেহেতু অত্যাবশ্যকীয় চাকুরী (দ্বিতীয়) অর্ডিনেন্স ১৯৫৮-এর সেকশন ৩-এর সাব-সেকশন (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছেন যে, উক্ত শিপিং কর্পোরেশনের অধীনস্থ সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত অধ্যাদেশ প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাইজুদ্দিন আহমদ**

উপ-সচিব।

আব্দুল ওয়াহেদ মোল্লা, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।